FEB. 28 2001

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

## জাতীয় বিশ্ববিদ্যালয়

# ভিসির যোগ্যতা নিয়ে প্রশ্ন সংসদ কমিটিতে

**স্টাফ রিপোর্টার ॥** জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের যোগ্যতা নিয়ে প্রশ্ন উঠেছে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে। মঙ্গলবার সংসদ ভবনে

*(২- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)*

## ভিসির যোগ্যতা *(প্রথম পাতার পর)*

অনুষ্ঠিত এ বৈঠকে নকল প্রতিরোধের উপায় প্রসঙ্গে আলোচনা চলাকালে সদস্য আলমগীর কবির বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের আইনানুযায়ী এর অধীনস্থ কলেজসমূহের শিক্ষক পদে তৃতীয় বিভাগপ্রাপ্ত কাউকে নেয়া হয় না। অথচ খোদ জাতীয় বিশ্ববিদ্যালয়ের শীর্ষপদে (উপাচার্য) যিনি বসে আছেন, তিনি একাধিক পরীক্ষায় তৃতীয় বিভাগপ্রাপ্ত। এমন একজন অযোগ্য ব্যক্তি কিভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি নিযুক্ত হলেন—তা আজ সবারই প্রশ্ন।

আলমগীর কবির বলেন, আমার কাছে তথ্য আছে যে, এই উপাচার্য দুর্গাদাস ভট্টাচার্যের এক বোন অনার্স পরীক্ষায় ফেল করেছিলেন। কিন্তু তিনি প্রভাব খাটিয়ে প্রথমে তাঁকে দ্বিতীয় বিভাগ পাইয়ে দেন। এটা নিয়ে সংশ্লিষ্ট মহলে সমালোচনা শুরু হলে পরে তাঁকে তৃতীয় বিভাগ দেয়া হয়। এরপর ওই ছাত্র টি মাস্টার্স পরীক্ষায় প্রথম শ্রেণীতে চতুর্থ হয়। এক্ষেত্রে দুর্গাদাস ভট্টাচার্য ছিলেন প্রধান পরীক্ষক। তিনি প্রশ্ন রেখে বলেন, এই যদি হয় অবস্থা, তাহলে নকল প্রতিরোধ কিভাবে সম্ভব হবে?

জবাবে শিক্ষামন্ত্রী বলেন, যোগ্য ব্যক্তিকেই জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ করা হয়েছে। এ সময় আলমগীর কবির বলেন, বর্তমানে এ দেশে চোর, ডাকাত, দুর্নীতিবাজরাই যোগ্য বলে বিবেচিত হচ্ছে। নইলে যে দুর্গাদাস ভট্টাচার্য নকলকে জাতীয়করণ করেছে, সে কিভাবে যোগ্য বলে বিবেচিত হলো?